



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম  
সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম। Web : [www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)

স্মারক নং-চশিবো/পরী/মাধ্য-পরি (অংশ-১০)/২০১৬/ ২৬২৪(২৩০)

তারিখ : ২৪/১০/২২

এসএসসি পরীক্ষা-২০২১ এর মতবিনিময় সভা ও পরীক্ষা সামগ্রী গ্রহণ সম্পর্কিত

## বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে অত্রবোর্ডের আওতাধীন ২০২১ সালের এসএসসি পরীক্ষার কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে-


ক) এসএসসি পরীক্ষা-২০২১ সুষ্ঠু ও সুশৃঙ্খল পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে কেন্দ্র সচিবদের সাথে মতবিনিময় সভা আগামী ০১/১১/২০২১ তারিখ, সোমবার, সকাল ১০.৩০টায় বোর্ড ভবনের নবম তলায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। যথাসময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট কেন্দ্র সচিবগণকে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, উক্ত মতবিনিময় সভায় কেন্দ্র সচিবদের উপস্থিতি বাধ্যতামূলক এবং তাঁর পক্ষে কোন প্রতিনিধি পাঠানো যাবে না।

খ) ২০২১ সালের এসএসসি পরীক্ষার উত্তরপত্র ও অন্যান্য পরীক্ষা সামগ্রী নিম্নলিখিত তারিখ অনুযায়ী বিতরণ করা হবে। কেন্দ্র সচিব বা তাঁর প্রাধিকার প্রাপ্ত প্রতিনিধিকে অফিস চলাকালীন বর্ণিত তারিখে মালামাল গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

| ক্রম | জেলার নাম                                     | তারিখ      |
|------|---|------------|
| ১    | খাগড়াছড়ি, রাঙ্গামাটি জেলা ও সন্দ্বীপ উপজেলা | ০১/১১/২০২১ |
| ২    | কক্সবাজার ও বান্দরবান জেলা                    | ০২/১১/২০২১ |
| ৩    | চট্টগ্রাম উত্তর জেলা                          | ০৩/১১/২০২১ |
| ৪    | চট্টগ্রাম দক্ষিণ জেলা                         | ০৪/১১/২০২১ |
| ৫    | চট্টগ্রাম মহানগর                              | ০৭/১১/২০২১ |

উল্লেখ্য যে, কেন্দ্র নবায়ন ফি- ২০০০/- (দুই হাজার) টাকা এবং নতুন কেন্দ্র ফি ৩০০০/- (তিন হাজার) টাকা জমাদানের রশিদ মালামাল গ্রহণের সময় প্রদর্শন করতে হবে।

গ) এসএসসি পরীক্ষা-২০২১ এর পরীক্ষার্থীদের প্রবেশপত্র এবং স্বাক্ষরলিপি সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবগণের মোবাইলে প্রেরিত Username এবং Password ব্যবহার করে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ([www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)) থেকে ৩ নভেম্বর ২০২১ তারিখ হতে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরীক্ষার্থীদের প্রবেশপত্র A-4 সাইজের ন্যূনতম ১০০ গ্রাম অফসেট কাগজে (রঙ্গিন প্রিন্ট) এবং স্বাক্ষরলিপি লিগ্যাল সাইজের কাগজে প্রিন্ট দিতে হবে।

  
২৪/১০/২১

(নারায়ন চন্দ্র নাথ)  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম  
ফোন- ০৩১-২৫৫৩১৪৫, ফ্যাক্স : ০৩১-২৫৫৩১৫১  
Email : [ce@bise-ctg.gov.bd](mailto:ce@bise-ctg.gov.bd)